# ইসরায়েলি আগ্রাসনের বিরুদ্ধে আঞ্চলিক সমন্বয় জরুরি: আরাঘচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

লেবাননের পার্লামেন্টের স্পিকার নাবিহ বেরির সঙ্গে ফোনে কথা বলেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। আঞ্চলিক পরিস্থিতি এবং ইসরায়েলি আগ্রাসন ও যুদ্ধ উসকে দেওয়ার বিরুদ্ধে আরও সমন্বিত পদক্ষেপের প্রয়োজনীয়তা নিয়ে তাদের মধ্যে আলোচনা হয়েছে।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) ইরানের সংবাদমাধ্যম প্রেস টিভির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। খবর আল-জাজিরার।

ফোনালাপে লেবাননের সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতার প্রতি ইরানের সমর্থনের কথা জানান আরাঘচি। পাশাপাশি লেবাননের প্রতিরোধের প্রতিও ইরানের পূর্ণ সমর্থন পুনর্ব্যক্ত করেন তিনি।

নাবিহ বেরি ইরানের সমর্থনের জন্য কৃতজ্ঞতা জানান এবং দক্ষিণ লেবাননের পরিস্থিতি সম্পর্কে ইরানের পররাষ্ট্রমন্ত্রীকে অবহিত করেন। একই সঙ্গে ইসরায়েলি লঙ্ঘন বন্ধ এবং এর জন্য দায়ীদের জবাবদিহির আওতায় আনতে আন্তর্জাতিক সম্প্রদায় ও ইসলামি দেশগুলোর আইনি ও নৈতিক দায়িত্ব রয়েছে বলে উল্লেখ করেন তিনি।

LENS ASIA